# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ৪. অনেক ঐশী পুস্তক একেবারেই গায়েব

বাইবেলীয় বিয়োজনের একটা নমুনা অনেকগুলো পুস্তক পুরোপুরিই গায়েব হয়ে যাওয়া। বাইবেলের বিভিন্ন পুস্তকে অনেক ঐশী পুস্তকের নাম বিদ্যমান, কিন্তু সেগুলোর কোনো হদিস ইহুদি-খ্রিষ্টানরা জানেন না। এখানে এরূপ হারিয়ে যাওয়া ২০টা পুস্তকের নাম উল্লেখ করছি:

| ক্রম | কেরির অনুবাদে বাংলা নাম | উদ্ধৃতির স্থান |
|---|---|---|
| ১ | সদাপ্রভুর যুদ্ধপুস্তক | গণনা পুস্তক ২১/১৪ |
| ২ | যাশের (পুণ্যবানদের/ সুপথের) পুস্তক (Book of Jasher) | যিহোশূয় ১০/১৩ |
| ৩ | শলোমন রচিত ‘এক হাজার পাঁচটি গীত’ | ১ রাজাবলি ৪/৩২-৩৩ |
| ৪ | শলোমন রচিত ‘প্রাণী জগতের ইতিবৃত্ত’ | ১ রাজাবলি ৪/৩২-৩৩ |
| ৫ | শলোমন রচিত ‘তিন হাজার প্রবাদ বাক্য’ | ১ রাজাবলি ৪/৩২-৩৩ |
| ৬ | শমূয়েল ভাববাদীর রাজনীতির পুস্তক | ১ শমূয়েল ১০/২৫ |
| ৭ | শমূয়েল দর্শকের পুস্তক | ১ রাজাবলি ২৯/২৩ |
| ৮ | নাথন ভাববাদীর পুস্তক | ১ রাজাবলি ২৯/২৩ |
| ৯ | গাদ দর্শকের পুস্তক | ১ রাজাবলি ২৯/২৩ |
| ১০ | শময়িয় ভাববাদীর পুস্তক | ২ বংশাবলি ১২/১৫ |
| ১১ | ইদ্দো দর্শকের পুস্তক | ২ বংশাবলি ১২/১৫ |
| ১২ | অহীয় ভাববাদীর ভাববাণী | ২ বংশাবলি ৯/২৯ |
| ১৩ | ইদ্দো দর্শকের দর্শন | ২ বংশাবলি ৯/২৯ |
| ১৪ | হনানির পুত্র যেহুর পুস্তক | ২ বংশাবলি ২০/৩৪ |
| ১৫ | যিশাইয় ভাববাদী রচিত উষিয় রাজার আদ্যোপান্ত ইতিহাস | ২ বংশাবলি ২৬/২২ |
| ১৬ | যিশাইয় ভাববাদীর দর্শন-পুস্তক হিষ্কিয় রাজার ইতিহাস সম্বলিত | ২ বংশাবলি ৩২/৩২ |
| ১৭ | যিরমিয় ভাববাদী রচিত যোশিয় রাজার বিলাপগীত | ২ বংশাবলি ৩৫/ ২৫ |
| ১৮ | বংশাবলি পুস্তক | নহিমিয় ১২/২৩ |
| ১৯ | মোশির নিয়ম পুস্তক | যাত্রাপুস্তক ২৪/৭ |
| ২০ | শলোমনের বৃত্তান্ত পুস্তক | ১ রাজাবলি ১১/৭ |

এ সকল পুস্তক সবই আসমানী পুস্তক বলে বাইবেলের বিভিন্ন স্থানে উল্লেখ করা হয়েছে। অথচ এগুলোর কোনো

অস্তিত্ব নেই।

উপরের বিভিন্ন প্রকারের বিকৃতির আলোকে আধুনিক বাইবেল গবেষকরা দাবি করেন যে, বাইবেলের পুস্তকগুলো লিখিত হওয়ার পরও অবিরাম সম্পাদনার অধীন থেকেছে। লিপিকাররা তাঁদের বিশ্বাসের আলোকে বিভিন্ন শব্দ ও বাক্য ইচ্ছামত পরিবর্তন, পরিমার্জন, সংযোজন বা বিয়োজন করেছেন। বর্তমানে প্রাচীন পাণ্ডুলিপির আলোকে কোনো কোনো বিকৃতি বাইবেলের বিভিন্ন সংস্করণে সংশোধন করা হয়েছে। তবে এ সংশোধনের কারণে তাঁরা তাঁদের বিশ্বাস সংশোধন করেননি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14244

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন